# রাষ্ট্রপতির কাছে শেখ হাসিনার পদত্যাগপত্রের কোনো প্রমাণ নেই: হাবিবুর রহমান



সংগৃহীত ছবি

বিএনপি চেয়ারপারসনের উপদেষ্টা হাবিবুর রহমান হাবিব বলেছেন, শেখ হাসিনার পদত্যাগ নিয়ে রাষ্ট্রপতির বক্তব্যের পেছনে কোনো লিখিত বা দালিলিক প্রমাণ নেই। তাঁর ভাষায়, “যেদিন প্রধানমন্ত্রী দেশ ছেড়ে পালিয়ে যান, সেদিন রাষ্ট্রপতি ঘোষণা দেন— শেখ হাসিনা পদত্যাগ করেছেন, তাঁর পদত্যাগপত্র রাষ্ট্রপতির কাছে আছে। কিন্তু বাস্তবে তো তিনি পালিয়েছেন, তাহলে কখন, কোথায়, আর কাকে তিনি পদত্যাগপত্র দিলেন? সেদিন দেশের অস্থির পরিস্থিতি সামাল দিতে রাষ্ট্রপতি নিজেই দায়িত্ব নিয়ে এমন মন্তব্য করেছিলেন।”

সম্প্রতি এক আলোচনায় অংশ নিয়ে হাবিবুর রহমান এসব মন্তব্য করেন। তিনি আরও জানান, সাংবাদিক মতিউর রহমান রাষ্ট্রপতির সঙ্গে সাক্ষাতে শেখ হাসিনার পদত্যাগপত্রের বিষয়ে জানতে চাইলে রাষ্ট্রপতি নিজেই স্বীকার করেন— “আমার কাছে কোনো দালিলিক প্রমাণ নেই।” এই স্বীকারোক্তির পর থেকেই বিভিন্ন মহলে রাষ্ট্রপতির পদত্যাগের দাবি তীব্র হয়ে ওঠে।

বিএনপির এই নেতা বলেন, “আমরা তখন বলেছিলাম, যেহেতু এই সরকার একটি ঐকমত্যের ভিত্তিতে গঠিত এবং রাষ্ট্রপতির কাছে শপথ নিয়েছে, তাই তাঁকে সরানোর সিদ্ধান্তও সব দলের মতামতের ভিত্তিতে হওয়া উচিত। কোনো একক পক্ষের দাবিতে রাষ্ট্রপতির অপসারণ হলে সাংবিধানিক সংকট সৃষ্টি হতে পারে। রাষ্ট্রপতির অনুপস্থিতিতে দেশ আবার অস্থিতিশীলতার দিকে যেতে পারে।”

তিনি আরও যোগ করেন, “পরে দেখা গেল, বিভিন্ন অফিস ও প্রতিষ্ঠানে রাষ্ট্রপতির ছবি নামানো শুরু হয়েছে। অথচ যতক্ষণ রাষ্ট্রপতি দায়িত্বে আছেন, ততক্ষণ সরকারি দপ্তর ও বিদেশি দূতাবাসগুলোতে তাঁর ছবি রাখা বাধ্যতামূলক। রাষ্ট্রপতিকে আনুষ্ঠানিকভাবে অপসারণের পরই ছবি নামানোর নিয়ম রয়েছে।”